

## ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

চাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৬

তারিখঃ ০৩ জ্যৈষ্ঠ ১৪২৭  
১৭ মে ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**করোনা ভাইরাসের প্রাদুর্ভাব রোধকক্ষে পর্ষদের  
সভা ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ২৩ মার্চ ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-০৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলার লেটারে জনসমাগমের কারণে করোনা ভাইরাসের সংক্রমণ ঝুঁকি বৃদ্ধির সম্ভাবনা বিবেচনায় ব্যাংকের পর্ষদ এবং পর্ষদের সহায়ক কমিটির সভায় ব্যাংকের পরিচালকগণের স্বশরীরে উপস্থিতি ঝুঁকিপূর্ণ বিবেচনায় অত্র বিভাগ হতে জারিকৃত অন্যান্য নির্দেশনার ধারাবাহিকতায় করোনা ভাইরাসের সংক্রমণ পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত পরিচালনা পর্ষদ, নির্বাহী কমিটি, অডিট কমিটি ও ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সকল সভা ভিডিও কনফারেন্স এর মাধ্যমে তথা ভার্চুয়াল সভা অনুষ্ঠানের পরামর্শ দেয়া হয়।


০৩। অর্থনীতি পুনরজীবিতকরণের লক্ষ্যে অন্যান্য গুরুত্বপূর্ণ সেক্টরের ন্যায় ব্যাংকিং কর্মকাণ্ড গতিশীল করার আবশ্যিকতা পরিলক্ষিত হচ্ছে। সীমিত ব্যাংকিং কার্যক্রম ধীরে ধীরে প্রত্যাহারপূর্বক স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনার বিষয়ে ইতোমধ্যে বাংলাদেশ ব্যাংক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছে। তাছাড়া স্বাস্থ্য অধিদপ্তর জনস্বাস্থ্য বিশেষজ্ঞগণের সহায়তায় কোভিড-১৯ সংক্রমণ নিয়ন্ত্রণের জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের অধিকতর সর্তর্কতা ও সুরক্ষার লক্ষ্যে ব্যাংকের জন্য প্রযোজ্য ১৩টি অনুসরণশীল নীতিমালা সঠিকভাবে বাস্তবায়ন নিশ্চিত করার জন্য পরামর্শ প্রদান করেছে।

০৪। এ প্রেক্ষিতে, WHO গাইডলাইন্স এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নির্দেশনা পরিপালন নিশ্চিত করে যথাযথ স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব বজায় রেখে পর্ষদ ও পর্ষদের অন্যান্য সহায়ক কমিটির সভার জন্য নির্ধারিত সভাস্থল এর পরিসর বিবেচনায় নিয়ে যথাসম্ভব কম সংখ্যক সদস্য সভায় সরাসরি অংশগ্রহণ এবং অবশিষ্ট সদস্য ভিডিও কনফারেন্সের মাধ্যমে সভায় অংশগ্রহণ করতে পারবেন। তবে, ব্যাংক নিজস্ব বিবেচনায় তাদের সভা সম্পূর্ণভাবে ভিডিও কনফারেন্সের মাধ্যমেও সম্পাদন করতে পারবে। ভিডিও কনফারেন্সের মাধ্যমে অংশগ্রহণকারী প্রত্যক্ষ পরিচালক যথানিয়মে তাঁর সম্মানী প্রাপ্ত হবেন।

০৫। ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠিত আংশিক বা পূর্ণাঙ্গ সভার ক্ষেত্রে ভিডিও ফুটেজ সংরক্ষণ করতে হবে।

০৬। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় অর্পিত ক্ষমতাবলে এই নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

  
 (মোহাম্মদ শাহরিয়ার চৌধুরী)  
 উপ-মহাব্যবস্থাপক  
 ফোনঃ ৯৫৩০৭২৭